আলমডাঙ্গায় কৃষকদের বিনামূল্যে বীজ ও সার বিতরণের উদ্বোধন

আলমডাঙ্গায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল ১০টার সময় উপজেলা কৃষি অফিস চত্বরে ২০২৫-২৬ অর্থবছরের রবি মৌসুমে সবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় এ বীজ ও সার বিতরণ করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. মাসুদ হোসেন পলাশ।

উপজেলার ১৫টি ইউনিয়ন ও একটি পৌরসভায় মোট ৪৭০ জন বসতবাড়ি চাষযোগ্য সবজি চাষি, ১৩০ জন লাউ চাষি, ২৩০ জন বেগুন চাষি, ২৩০ জন মিষ্টি কুমড়া চাষি এবং ২৩০ জন শসা চাষিকে বিনামূল্যে বীজ ও প্রয়োজনীয় সার প্রদান করা হয়। এ সময় উপজেলা কৃষি অফিসের অন্যান্য কর্মকর্তা ও স্থানীয় কৃষকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুর্গাপূজা উপলক্ষে শুভেচ্ছা উপহার বিতরণ

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলার ১৪টি মন্দিরে শুভেচ্ছা উপহার বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকেলে প্রতিটি মন্দিরে মিষ্টি সামগ্রী প্রদান করা হয়। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খাইরুল ইসলাম নিজ হাতে এসব উপহার তুলে দেন।

এ সময় পূজা উদযাপন পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদকসহ অনেকেই উপস্থিত ছিলেন।

প্রশাসনের পক্ষ থেকে সকলকে শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে দুর্গোৎসব উদযাপনের আহ্বান জানানো হয়।

মেহেরপুরে খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন বিতরণ

মেহেরপুরে ডেইরি খামারিদের মাঝে গতকাল মঙ্গলবার দুপুরে ঘাস ও খড় কাটার মেশিন বিতরণ করেছে উন্নয়নমূলক প্রতিষ্ঠান ওয়েভ ফাউন্ডেশন।

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ড্যানিডার অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)-এর আওতায় “নিরাপদ মাংস, দুধ ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন” শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের চলমান কার্যক্রমের অংশ হিসেবে এই বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ আশরাফুল হক। তিনি বলেন, খামার যান্ত্রিকীকরণের ফলে উৎপাদন বৃদ্ধি পাবে, সময় ও শ্রম সাশ্রয় হবে, অল্প সময়ে বেশি কাজ সম্পাদন করা সম্ভব হবে এবং খামার ব্যবস্থাপনা উন্নত হবে। এছাড়া যান্ত্রিকীকরণের ফলে রোগবালাই কমে আসবে ও খামারগুলো আরও আধুনিকায়ন হবে।

এ সময় মেহেরপুর অফিসের ইউনিট ম্যানেজার মোঃ আনোয়ার হোসেন আরএমটিপি প্রকল্পের মাধ্যমে সদর উপজেলায় ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম এবং খামারিদের ঋণ সুবিধা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

অনুষ্ঠানে স্থানীয় খামারি, উদ্যোক্তা, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সঞ্চালনা করেন সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোছাঃ সহিবা খাতুন।

মেহেরপুরে মণ্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবক ও আনসারদের উপহার বিতরণ

মেহেরপুরে শারদীয় দুর্গোৎসবকে ঘিরে পূজা মণ্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবকদের মাঝে টি-শার্ট, নামাজের সময়সূচি ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মোবাইল নম্বর সম্বলিত ব্যানার এবং দায়িত্ব পালনকারী আনসার সদস্যদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে শনিবার সকাল থেকে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম মেহেরপুরের বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন করেন এবং এইসকল উপহার বিতরণ করেন।

এসময় তিনি শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েবাড়ি রাধা মাধব মন্দির, শ্রী শ্রী হরিভক্তি প্রদায়ীনি পূজা মন্দির, বকুলতলা পূজা মন্দির, শ্রী শ্রী হরিজন বালক মন্দির, সদর উপজেলার গোভীপুর রায়পাড়া দুর্গাপূজা মণ্ডপসহ বিভিন্ন মন্দির পরিদর্শন করেন।

উপজেলা নির্বাহী অফিসার পূজা মণ্ডপগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদকদের সঙ্গে মতবিনিময় করেন এবং সবাইকে শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে শারদীয় দুর্গোৎসব সম্পন্ন করার আহ্বান জানান

মেহেরপুরে কমিউনিটি ক্লিনিকে ফ্যান, চেয়ার ও ওষুধ বিতরণ

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদের উদ্যোগে এবং ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে কমিউনিটি ক্লিনিকে ফ্যান, চেয়ার ও ওষুধ বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে ইউনিয়ন

পরিষদ মিলনায়তনে এসব সামগ্রী বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৪টি ফ্যান, ৪টি চেয়ার ও প্রয়োজনীয় ওষুধ বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবির।

এসময় সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা এরশাদ আলী, ইউপি সদস্য আমিরুল ইসলাম, কালু মিয়া, ওহিদুল ইসলাম, আসাদুল ইসলাম, ইস্কান্দার ইকবাল বিপ্লবসহ অনেকেই উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এ চারা বিতরণ অনুষ্ঠিত হয়।

এ সময় সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা শিক্ষার্থীদের হাতে চারা তুলে দেন। তিনি বলেন, একটি গাছ মানুষের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি দুর্দিনে বন্ধুর মতো পাশে থাকে। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিনসহ শিক্ষক-শিক্ষার্থীরা।

মেহেরপুরে উপজেলা প্রশাসনের উদ্যোগে গাছের চারা বিতরণ

তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষে সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুরের আমদহ ইউনিয়নে গাছের চারা বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে আমদহ ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম।

এ সময় তিনি বলেন, একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি দুর্দিনে বন্ধুর মতো পাশে দাঁড়ায়। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।

এছাড়াও এসময় আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন, প্রশাসনিক কর্মকর্তা সালমা পারভীন, ইউপি সদস্য আক্কাস আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর বুড়িপোতা ইউনিয়ন পরিষদে বিভিন্ন উপকরণ বিতরণ

২০২৪-২৫ অর্থবছরে এডিপি ও ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠানে ফুটবল, ক্রিকেট সেট, স্যানিটারি ন্যাপকিন, প্রান্তিক কৃষকদের মাঝে স্প্রে মেশিন, প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার এবং দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

এই উপলক্ষে বৃহস্পতিবার বেলা ১২টার সময় বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান ইসমাইল হোসেন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সচিব সানোয়ার হোসেন সানুসহ ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, সুবিধাভোগী ও শিক্ষার্থীরা।

বক্তব্যকালে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, আজকের যুব সমাজকে খেলাধুলার মাধ্যমে সৃজনশীল কাজে সম্পৃক্ত করতে পারলেই আমরা মাদকমুক্ত প্রজন্ম গড়ে তুলতে পারবো। শুধু উন্নয়ন কাজ করলেই হবে না, আমাদের মানবিক উন্নয়নেও মনোযোগ দিতে হবে। খেলা শুধু বিনোদন নয়, এটি আত্মনিয়ন্ত্রণ, শৃঙ্খলা ও নেতৃত্ব তৈরির অন্যতম উপায়।

তিনি আরও বলেন, প্রান্তিক কৃষকদের আধুনিক যন্ত্রপাতি দিয়ে সহযোগিতা করা এবং নারীদের আত্মকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন প্রদান সরকারের জনবান্ধব উন্নয়ননীতিরই অংশ। আমরা চাই সবাই উন্নয়নের সুফল ভোগ করুক।

মেহেরপুরে স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ করেছে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ থেকে নিবন্ধিত ২০ টি সংগঠন ও ৩ জন অসহায় দুঃস্থের মাঝে এই চেক বিতরণ করা হয়।

সোমবার সকাল সাড়ে ১০ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ আব্দুল সালাম চেক বিতরণ করেন। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, মেহেরপুরে বাল্যবিবাহ, আত্মহত্যার প্রবনতা বেশি। স্বেচ্ছাসেবী সংগঠনকে এসকল সমস্যাগুলি নিয়ে সামাজিক সচেতনতা

কর্মসুচি করার জন্য আহ্বান জানান । তিনি বলেন, আমাদের কর্মকান্ডসমুহ যদি সমাজে কোন উপকারে না আসে, তাহলে এটি ফলপ্রসু হবেনা। তিনি সংগঠনসমুহকে অনুরোধ করেন, সমাজে ভাল কাজ করার জন্য। ভাল কাজের জন্য আমরা তাদের পুরস্কৃত করবো।

অনুষ্ঠানের সভাপতি জেলা সমাজসেবা অফিসার আশাদুল ইসলাম স্বেচ্ছাসেবী সংস্থাসমুহকে উল্লেখিত কর্মসুচি পালনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। জেলা সমাজসেবা নিবন্ধন কর্মকর্তা কাজী মনসুরের সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনসমুহ তাদের কর্মকান্ড তুলে ধরেন। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন মেহেরপুর শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার আনিছুর রহমান।

দশর্নায় কৃষকদের মাঝে বিনা-২৬ ধানবীজ বিতরণ

দশর্না পরানপুর কৃষকদের মাঝে বিনা-২৬ ধানবীজ বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার বিকাল সাড়ে ৫টায় বাংলাদেশ বীনা গবেষণার উদ্যোগে পরানপুর আলিফ ট্রেডার্সের সামনে এই বীজ বিতরণ করা হয়।

এ বীজ বিতরণ অনুষ্ঠানে বক্তব্যে রাখেন, বাংলাদেশ সুপ্রীম কোর্টের এ্যাডভোকেট ফারুক হোসেন এবং বিশিষ্ট বীজ ও কীটনাশক উদ্ভাবক রাজেদুল ইসলাম বিনা ধান রোপনের দিক নিদর্শনা ও নিয়মাবলী সম্পর্কে কৃষকদের ধারণা প্রদান করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আওয়াল হোসেন।